


সিএনপির বার্ষিক সভা অনুষ্ঠিত



উত্তর আমেরিকা অফিস

প্রকাশ: ১১ অক্টোবর ২০২০, ১৮:৫৪



বাংলাদেশের সুবিধা বঞ্চিত ছাত্র-ছাত্রীদের তথা-প্রযুক্তি শিক্ষায় সহায়তা দিচ্ছের কম্পিউটার লিটারেসি প্রোগ্রামের এক শিক্ষক

বাংলাদেশের সুবিধা বঞ্চিত ছাত্র-ছাত্রীদের সহায়তায় বাংলাদেশি মার্কিনদের উদ্যোগে গঠিত প্রতিষ্ঠান কম্পিউটার লিটারেসি প্রোগ্রামের (সিএলপি) বার্ষিক সভা ডাচুয়াল প্লাটফর্মে ৩ অক্টোবর অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের উদ্দেশ্য কর্মসূচি সম্বন্ধে সচেতনতা গড়ে তোলার পাশাপাশি তহবিল সংগ্রহ করা। ২০০৪ সাল থেকে তথ্যপ্রযুক্তি শিক্ষায় সহায়তা এই প্রতিষ্ঠান কাজ করে আসছে।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট বিজ্ঞানী ও শিক্ষাবিদ ড. আতাউল করিম, শিক্ষাবিদ ও সংগীতজ্ঞ ড. নাশিদ কামাল, রবীন্দ্র সংগীতশিল্পী মহিউজ্জামান চৌধুরী (ময়না)। অনুষ্ঠানে শিক্ষাবিদ ও লেখক ড. মুহাম্মদ জাফর ইকবাল ও যুক্তরাষ্ট্রপ্রবাসী ড. মোস্তাফিজুল হকের ধারণ করা বক্তব্য প্রচার করা হয়। অনুষ্ঠানে আরও ছিল কৌতুক ও সিএলপি যুব ভলান্টিয়ারদের মনোজ্ঞ ফিচার অনুষ্ঠান।

সিএলপির উদ্যোগে বাংলাদেশের ৫৬টি জেলায় ২৫৭টি কম্পিউটার লিটারেসি সেন্টার ও বাংলাদেশের গ্রামাঞ্চলে আরও ৯৭টি অ্যাসোসিয়েট সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে। আপনিও আর্থিক সাহায্য দিয়ে ভলান্টিয়ার হয়ে বিদেশ থেকেও সিএলপির গর্বিত অংশীদার হয়ে দেশের গরিব ছেলে-মেয়েদের তথ্যপ্রযুক্তি শিক্ষায় সহায়তা করতে পারেন।

বিজ্ঞাপন

জাফর ইকবাল ডিডিও বার্তায় বলেন, সিএলপি দেশের প্রত্যন্ত অঞ্চলে গরিব শিক্ষার্থীদের কম্পিউটার ও শিক্ষা প্রযুক্তির মাধ্যমে দীর্ঘদিন থেকে সহায়তা দিয়ে আসছে। এই কর্মসূচির সঙ্গে তিনি নিজেও যুক্ত আছেন। এই কাজে তিনি সবাইকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানান।

বিজ্ঞানী ও শিক্ষাবিদ আতাউল করিম বলেন, তিনি দীর্ঘদিন ধরে 'নাবিক' নামে এক সংস্থার সঙ্গে জড়িত। নাবিক বাংলাদেশে বিভিন্ন ধরনের শিক্ষা ও সামাজিক উন্নয়নে কাজ করে। সিএলপি বাংলাদেশে তথ্যপ্রযুক্তি শিক্ষার উন্নয়নে কাজ করে। তাই তিনি সিএলপির সঙ্গে যুক্ত হয়ে কম্পিউটার শিক্ষা কর্মসূচিতে সহযোগিতা করে যাচ্ছেন।

বাংলাদেশের কিংবদন্তি শিল্পী আব্বাস উদ্দিনের নাটনি নাশিদ কামাল আলম, রাধা রমন, সিরাজ সাই সাধকদের ও বাউল, ভাওয়ালীয়া, ভাটিয়ালি ইত্যাদি গানের ওপর জ্ঞানগর্ভ আলোচনা করেন। আলোচনার ফাঁকে ফাঁকে তিনি গান শোনান। তাঁর কণ্ঠে 'নদীর কূল নাই, কিনার নাই' গানটি সবাইকে মুগ্ধ করে। অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী সাংসদ মহিবুল হাসান চৌধুরী কারিগরি জটিল কারণে জুমে যোগ দেওয়ার চেষ্টা করেও সফল হননি।

অনুষ্ঠানে সিএলপির ভলান্টিয়ারিং কার্যক্রমে দৃষ্টান্তমূলক অবদানের জন্য কিয়ান সানীকে ইউএস প্রেসিডেন্ট ভলান্টিয়ার সার্ভিস স্বর্ণপদক দেন সিএলপির সভাপতি ড. মোহাম্মদ ফারুক। শুরুতে আমেরিকা ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়।

Published Link : <https://northamerica.prothomalo.com/new-york/%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%B2%E0%A6%AA%E0%A6%BF%E0%A6%B0-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%B8%E0%A6%AD%E0%A6%BE-%E0%A6%85%E0%A6%A8%E0%A7%81%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A6%BF%E0%A6%A4>